



## ঝালকাল্ঠিতে ইয়াবাসহ মন্দিরের পুরোহিত গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

ঝালকাল্ঠি সদর উপজেলায় মাদকবিরোধী অভিযানে ইয়াবাসহ এক মন্দিরের পুরোহিতকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, রোববার (৭ জুন) রাতে পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের বাহের রোড এলাকা থেকে সুমন চক্রবর্তী (৪১) নামে ওই পুরোহিতকে আটক করা হয়। তল্লাশিতে তার কাছ থেকে ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে এবং সোমবার সকালে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

এদিকে মাদকসহ গ্রেপ্তারের খবর জানার পর কালীবাড়ি মন্দির কমিটি জরুরি বৈঠক করে তাকে পুরোহিতের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়। মন্দির কমিটির সভাপতি জানান, বিষয়টি আগে জানা ছিল না, পরে নিশ্চিত হয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

আইনশৃঙ্খলা বাহিনীর দাবি, উদ্ধার করা ইয়াবার বাজারমূল্য প্রায় ৬ হাজার টাকা। ঘটনায় তদন্ত চলমান রয়েছে।